


বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) এর
“সিএনসি লেদ মেশিনে স্পাইরাল বেভেল গিয়ার তৈরির পদ্ধতি উদ্ভাবন”

Innovation Success Story

১. মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের নাম : বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)
২. সংক্ষিপ্ত শিরোনাম : সিএনসি লেদ মেশিনে স্পাইরাল বেভেল গিয়ার তৈরির পদ্ধতি উদ্ভাবন
৩. সমস্যা কি ছিল : বিটাকে বিভিন্ন সময় স্পয়ার পার্টস হিসেবে স্পাইরাল বেভেল গিয়ার তৈরির কার্যাদেশ আসে। কিন্তু বর্তমানে বিটাকে এই ধরনের গিয়ার তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা নাই। ফলে এই ধরনের কাজ আউটসোর্সিং করতে হয়। এতে অতিরিক্ত খরচ হয়। তাছাড়া এভাবে গুণগত মানের নিশ্চয়তা পাওয়া যায় না।
৪. কিভাবে সমস্যাটির সমাধান করা হয়েছে : **SolidWorks** সফটওয়্যারে ডিজাইন এবং **MasterCAM** সফটওয়্যারে প্রোগ্রাম তৈরির মাধ্যমে সিএনসি লেদ মেশিনে জব তৈরি করা হয়।
৫. সমস্যা সমাধানে উদ্ভাবন কি ছিল : পূর্বে বিভিন্ন ফ্লাই কাটার ও রোটোরি ইন্ডেক্স ব্যবহার করে বিভিন্ন ওয়ার্কশপে স্পাইরাল বেভেল গিয়ার তৈরি করা হত। এই উদ্ভাবনে স্পাইরাল বেভেল গিয়ার তৈরিতে সিএনসি টেকনোলজির সফল প্রয়োগ করা হয়েছে।
৬. বর্তমান উদ্ভাবনের পূর্বের অবস্থা কী ছিল : ম্যানুয়াল মেশিনে স্পাইরাল বেভেল গিয়ার তৈরি করলে এর মেজারমেন্ট ঠিক থাকত না এবং সময় লাগত বেশি।
৭. জনগনের সেবা প্রদানে কিভাবে এটি ভূমিকা রাখছে : দ্রুত স্পাইরাল বেভেল গিয়ার তৈরি করা যাচ্ছে, একুরেসি ঠিক থাকছে, ফলে বিভিন্ন ইন্ডাস্ট্রির ব্রেকডাউন টাইম কমে আসছে। এছাড়া গিয়ারের মেজারমেন্ট ঠিক থাকায় এটি টেকসই হচ্ছে।
৮. উদ্ভাবনটিতে কি শিক্ষণীয় রয়েছে : স্পয়ার পার্টস প্রস্তুতিতে সিএনসি টেকনোলজির ব্যবহারের মাধ্যমে দেশের শিল্পখাতকে আরও উৎপাদনশীল করা সম্ভব
৯. উদ্ভাবনটির রিপলিকেশন/স্কেল-আপ বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়েছে : বিভিন্ন স্পাইরাল বেভেল গিয়ার বিটাকের সিএনসি মেশিনে তৈরির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হয়েছে।

ছবিঃ



স্বাক্ষর :

আরিফ আহমেদ

নাম ও পদবি : আরিফ আহমেদ, সহকারী প্রকৌশলী, বিটাক, ঢাকা